গোপালগঞ্জ সরকারি বঙ্গবন্ধু কলেজে নবীন বরণ

গোপালগঞ্জ সরকারি বঙ্গবন্ধু কলেজের ২০১৯-২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। সরকারি বঙ্গবন্ধু কলেজ শাখা ছাত্রলীগ এ নবীনবরণ অনুষ্ঠানের আয়োজনে করে।
রবিবার বেলা ১২টায় সরকারি বঙ্গবন্ধু কলেজ মাঠে অনুষ্ঠিত নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামীলীগের প্রেসিডিয়ামের সদস্য গোপালগঞ্জ-২ আসনের সাংসদ শেখ ফজলুল করিম সেলিম ও তাঁর কনিষ্ঠ পুত্র কেন্দ্রীয় যুবলীগের কার্যনির্বাহী সদস্য ব্যারিষ্টার শেখ ফজলে নাঈম।

প্রধান অতিথির বক্তব্যে শেখ ফজলুল করিম সেলিম বলেন, গোপালগঞ্জ সরকারি বঙ্গবন্ধু কলেজ একটি ঐতিহ্যবাহী কলেজ। এ কলেজটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নিজে সরকারি করন করেছিলেন। এই শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়ার পাশাপাশি নৈতিকতা, মানবিকতা, খেলা-ধুলা, শিক্ষা সফর, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ বিভিন্ন সহপাঠক্রমিক কর্মকান্ড সম্পন্ন হচ্ছে। সবার সমন্বিত উদ্যোগ ও প্রয়াসেই সরকারি বঙ্গবন্ধু কলেজের গৌরব অক্ষুন্ন থাকবে এ আমার প্রত্যাশা।

এ সময় তিনি ১০তলা একডেমিক ভবন, ৬তলা ছাত্রী হোস্টেল এবং শিক্ষদের জন্য ৬ তলা বিশিষ্ট শিক্ষক ডরমেটরি ভবনের ভিত্তি প্রস্থর স্থাপন করেন।
নবীনবরণ অনুষ্ঠানে সরকারি বঙ্গবন্ধু কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. মতিয়ার রহমানের সভাপতিত্বে সরকারি বঙ্গবন্ধু কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি এস এম দ্বীন ইসলাম বক্তব্য দেন।
আলোচনা সভায় জেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান চৌধুরী ইমদাদুল হক, সাধারণ সম্পাদক মাহাবুব আলী খান, সদর উপজেলা চেয়ারম্যান শেখ লুৎফর রহমান বাচ্চু, পৌর মেয়র কাজী লিয়াকত আলী লেকু, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম মিটু জেলা যুবলীগের সভাপতি জি এম সাহাবুদ্দিন আযম, সাধারণ সম্পাদক এম.বি সাইফ, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুল হামিদ, সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম রফিক, সরকারি বঙ্গবন্ধু কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক নিউটন মোল্যাসহ কলেজের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।
সভা শেষে অতিথিবৃন্দ ও ২০১৯-২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি

২ হাজার ছাত্র-ছাত্রীদের ফুল দিয়ে বরণ করা হয়।